

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৯০৮

১/ বিবিধ

আরবী

سلوا الله حوائجكم البتة في صلاة الصبح  
ضعيف

رواه الروياني في " مسنده " (25 / 142 / 2) : أخبرنا ابن إسحاق (يعني محمدا) :  
أخبرنا محمد بن بكير أخبرنا عبد الله بن وهب عن سعيد بن أبي أيوب عن خالد بن  
يزيد عن أبي رافع مرفوعا. قلت: وهذا إسناد ضعيف، رجاله كلهم ثقات رجال  
الصحيح، غير خالد بن يزيد ولم أعرفه ويحتمل أنه الذي في " الجرح " (1 / 2 / 356)  
: " خالد بن يزيد بن موهب أبو عبد الرحمن، روى عن أبي أمامة ومعاوية، روى عنه  
معاوية بن صالح ". قلت: فإن يكن هو، فهو مجهول. والحديث أورده السيوطي في "  
الجامع " من رواية أبي يعلى، وبيض له المناوي فلم يتكلم على إسناده بشيء، وعزاه  
للديلمي أيضا، وليس هو في الغرائب الملتقطة لابن حجر

বাংলা

১৯০৮। তোমরা আল্লাহর নিকট তোমাদের প্রয়োজনগুলো দৃঢ়তার সাথে সকালের সালাতে চাও।

হাদীসটি দুর্বল।

এটিকে রুবিয়ানী তার "মুসনাদ" গ্রন্থে (২৫/১৪২/২) ইবনু ইসহাক (অর্থাৎ মুহাম্মাদ) হতে, তিনি মুহাম্মাদ ইবনু বুকায়ের হতে, তিনি আব্দুল্লাহ ইবনু ওয়াহাব হতে, তিনি সাঈদ ইবনু আবী আইউব হতে, তিনি খালেদ ইবনু ইয়াযীদ হতে, তিনি আবু রাফে হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। খালেদ ইবনু ইয়াযীদ ছাড়া বাকী সব বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য সহীহ বর্ণনাকারী। তাকে (খালেদকে) আমি চিনি না। হতে পারে "আলজারহ" গ্রন্থে (১/২/৩৫৬) যাকে উল্লেখ করা হয়েছে তিনিই সেঃ খালেদ ইবনু ইয়াযীদ ইবনু মাওহেব আবু আব্দুর রহমান, তিনি আবু উমামাহ (রাঃ) ও মুয়াবিয়াহ (রাঃ) হতে বর্ণনা করেছেন। আর তার থেকে মুয়াবিয়াহ ইবনু সালাহ বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ তিনি যদি ইনিই হন, তাহলে তিনি মাজহুল।

হাদীসটিকে সুযুতী "আলজামে" গ্রন্থে আবু ইয়ালার বর্ণনা হতে উল্লেখ করেছেন। মানবী এর সনদের ব্যাপারে কোন কিছুই বলেননি। তিনি দাইলামীরও উদ্ধৃতি দিয়েছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72791>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন